

প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ

ভ্রম্যমান প্রশিক্ষণে জেলা সমবায় সমবায় অফিসার, বরিশাল মহোদয় সমবায় কি এবং কেন সমবায় করবেন এ বিষয়ে পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষক বৃন্দ সমিতির সার্বিক কল্যানের কাজ করার সহযোগিতা সমবায় সমিতির রেকড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে আলোচনা করেন ও পরামর্শ প্রদান করেন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রশিক্ষণ ক্লাশে মাদক সম্পর্কে আলোচনা করেন এবং ক্ষতি কারক দিক নিয়ে সমবায়ীদের সাথে কথা বলেন ও ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ সমাজ এবং সুরক্ষা প্রদানের জন্য এখন থেকে সামাজিক সচেতনতা বাড়ানো প্রয়োজন। এ বিষয়ে সমবায়ীদের ধারণা ও পরামর্শ নারীর ক্ষমতা বিষয় সমবায়ীদের মধ্যে ধারণা প্রদান করেন, সরকারের MDG (এমডিজি) অর্জনে সমবায়ের ভূমিকা বিষয়ক বিস্তারিত আলোচনা প্রদান করেন এবং তিনি মানি লন্ডারিং আইন সম্পর্কে বিস্তারিত পরামর্শ প্রদান করেন উপজেলা সমবায় অফিসার নির্বাচন ও বার্ষিক সাধারণ সভা করার পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন সমিতির কার্যক্রম সমবায় আইন ও বিধি অনুযায়ী পরিচালনার করার আশ্বাস দেন। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তারা হাঁস মুরগী গরু ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন পালনের জন্য খামার তৈরির কর্মকৌশল সম্পর্কে পরামর্শ প্রদান করেন। এবং হাঁস মুরগি পালনের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি সম্পর্কে সমবায়ীদের ধারণা ও পরামর্শ দেন। মৎস্য কর্মকর্তা মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি বিষয় পরামর্শ প্রদান করেন। উপজেলা কৃষি কর্মকর্তা আধুনিক কৃষি উপকরণ যেমন সার, বীজ, কীটনাশক ইত্যাদির সুষ্ঠু ব্যবহার বিষয়ক ধারণা ও বাড়ির আঙিনায় শাক-সবজি ফলমূল চাষ করে আয় বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন। সমবায় সম্পর্কে সমবায়ীদের সমবায় সমিতি করে কি ভাবে স্বাবলম্বী হওয়া যায় সেই সম্পর্কে পরামর্শ ও ধারণা দেন। প্রশিক্ষক বৃন্দ সমবায় সমিতির রেকড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে আলোচনা করেন। এবং সুন্দর ভাবে সমিতি পরিচালনা করার পরামর্শ প্রদান করেন।